

## কৃষিবিদ অস্ট্রেলিয়া

### প্রেস বিজ্ঞপ্তি:



আনন্দ উৎসাহের মধ্য দিয়ে গত ১০ মে শনিবার গ্লেনফিল্ড কমিউনিটি সেন্টারে কৃষিবিদ অস্ট্রেলিয়ার বার্ষিক সাধারণ সভা ২০১৪ অনুষ্ঠিত হয়। অস্ট্রেলিয়ার বিভিন্ন এলাকা থেকে কৃষিবিদ ভাই ও বোনেরা এতে অংশগ্রহণ করেন। কনভেনিং কমিটির ডঃ হানিফ মিয়া ঝিলু সভার সভাপতিত্ব করেন। সভার শুরুতে ডঃ ঝিলু সবাইকে ধন্যবাদ জানান সাধারণ সভায় অংশগ্রহণ করার জন্য। এরপর তিনি সংগঠনের বার্ষিক প্রতিবেদন তুলে ধরেন এবং বিগত বছরের একটি আর্থিক প্রতিবেদন পেশ করেন। সাধারণ সভায় আসা সদস্য গন অত্যন্ত আন্তরিক পরিবেশে খোলামেলা আলোচনায় বিভিন্ন বিষয়ে তাদের সুচিন্তিত মতামত তুলে ধরেন এবং ভবিষ্যতে সংগঠনের কার্যক্রম আরও শক্তিশালী হবে বলে আশা ব্যক্ত করেন। এরপর কনভেনিং কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়।

দ্বিতীয় পর্বে ২০১৪-১৬ বছরের জন্য একটি কার্যকরী কমিটি প্রণয়নের জন্য মনোনীত রিটার্নিং অফিসার জনাব মোতাহার হোসেন এবং সহ-রিটার্নিং অফিসার জনাব উসমান গনি সভার কার্যভার গ্রহণ করেন। রিটার্নিং অফিসার তার সূচনা বক্তব্যে সংগঠনের উন্নয়ন কামনা করেন এবং সবাইকে সুষ্ঠু ভাবে নির্বাচন পরিচালনায় সহায়তা করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর তিনি ২০১৪-১৬ মেয়াদের জন্য কার্যকর কমিটির নাম ঘোষণা করেন। তিনি উল্ল্যখ

করেন যে আর কোন প্যানেল বা ব্যক্তি নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা না করায় কোন ভোট গ্রহণের প্রয়োজন হয় নাই। সবশেষে তিনি ২০১৪-১৬ মেয়াদে নির্বাচিত কার্যকরী কমিটির নাম ঘোষণা করেন এবং বেসরকারি ভাবে তাদেরকে নির্বাচিত ঘোষণা করেন।

২০১৪-১৬ মেয়াদে নির্বাচিত কার্যকরী কমিটির কর্মকর্তাবৃন্দ-

সভাপতি-করিম ইকবাল, সহ সভাপতি- ডঃ হানিফ মিয়া ঝিলু, সাধারণ সম্পাদক- আবুল সরকার, যুগ্ম-সম্পাদক- জাকির হোসেন জীবন, কোষাধ্যক্ষ- হাফিজুর রহমান, স্পোর্টস সেক্রেটারি- জাহেবুল ইসলাম, সাংস্কৃতিক ও শিক্ষা বিষয়ক সম্পাদক- খন্দকার মালিক শাফি জাকি, পাবলিক রিলেশন সম্পাদক- জিয়াউল হক বাবলু, সদস্য- উসমান গনি, ডঃ মাকসুদুল বারী, ডঃ হায়দার আলী, আব্দুল জলিল, এ ওয়াই এম তোজাম্মেল হক মুকুল, মোঃ শাহজাহান মিয়া, ডঃ মাকসুদুর রহমান।

নবনির্বাচিত সভাপতি এবং সাধারণ সম্পাদক উপস্থিত সকল কৃষিবিদ ভাই বোনদের কে ধন্যবাদ জানান তাদেরকে নির্বাচিত করার জন্য। তারা আশা করেন ভবিষ্যতে সবাই মিলে পেশার মান উন্নয়নে এবং সকল প্রকার সামাজিক, মানবিক কাজে সকলের সাথে ঐক্যবদ্ধ ভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

আবুল সরকার

সাধারণ সম্পাদক

কৃষিবিদ অস্ট্রেলিয়া

---

জিয়াউল হক বাবলু পাবলিক রিলেশন সম্পাদক কর্তৃক প্রচারিত